তারিখ 02 DEC 2015
পৃষ্ঠা ১৩ কলাম ৪

দৈনিক
ইত্তেফাক

# জাতীয় বিশ্ববিদ্যালয়ের মাস্টার্স প্রথম পর্ব পরীক্ষার ফল প্রকাশ

■ গাজীপুর প্রতিনিধি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত ২০১৩ সালের মাস্টার্স প্রথম পর্ব পরীক্ষার ফল গতকাল মঙ্গলবার প্রকাশ করা হয়েছে। প্রকাশিত ফল এসএমএসের মাধ্যমে মেসেজ অপশনে গিয়ে এনইউ<স্পেস >এমপি <স্পেস>রোল লিখে ১৬২২২ নম্বরে পাঠাতে হবে। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.edu.bd থেকেও ফল জানা যাবে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতরের ভারপ্রাপ্ত পরিচালক মোঃ ফয়জুল করিম স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে গতকাল এ তথ্য জানানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে আরো জানানো হয়, এ পরীক্ষায় ৩০টি বিষয়ে ৮১টি কলেজের ৬০টি কেন্দ্রের মাধ্যমে মোট ৮৩৫৩৪ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নেয়।

## মাস্টার্স/ ডিপ্লোমা ভর্তির ২য় মেধা তালিকা প্রকাশ

বিশ্ববিদ্যালয়ের ২০১৫ সালের মাস্টার্স/ডিপ্লোমা প্রফেশনাল ভর্তির ২য় মেধা তালিকা মঙ্গলবার বিকালে প্রকাশ করা হয়েছে। ফল বিকাল ৪টা থেকে এসএমএসের মাধ্যমে মেসেজ অপশনে গিয়ে এনইউ<স্পেস >এটিপিএম< স্পেস >রোল লিখে ১৬২২২ নম্বরে পাঠিয়ে ফল জানা যাবে। গতকাল এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

সংবাদ বিজ্ঞপ্তিতে আরো উল্লেখ করা হয়, ভর্তি বিষয়ে বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.nu.edu.bd/admissions) থেকে জানা যাবে।